# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৫৯২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - প্রথম ওয়াক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সালাত আদায়

بَابُ تَعْجِيْلِ الصَّلَوَاتِ

### আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي الْعَصْرَ وَالشَّمْسُ مُرْتَفِعَةٌ حَيَّةٌ فَيَذْهَبُ الذَّاهِبُ إِلَى الْعَوَالِي فَيَأْتِيهِمْ وَالشَّمْسُ مُرْتَفِعَةٌ وَبَعْضُ الْعَوَالِي مِنَ الْمَدِينَةِ على أَرْبَعَة أَمْيَال أَو نَحوه

### বাংলা

৫৯২-[৬] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ’আসরের সালাত (সালাত/নামায/নামাজ) এমন সময় আদায় করতেন যখন সূর্য উপরের আকাশে ও উজ্জ্বল অবস্থায় থাকতো। আর কেউ ’আওয়ালীর দিকে (মদীনার উপকণ্ঠে) গিয়ে পুনরায় আসার পরেও সূর্য উপরেই থাকতো। এসব ’আওয়ালীর কোন কোনটি মদীনাহ্ হতে চার মাইল বা এর কাছাকাছি দূরত্বের ছিল। (বুখারী ও মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৫০, মুসলিম ৬২১, নাসায়ী ৫০৭, ইবনু মাজাহ্ ৬৮২, আহমাদ ১৩৩৩১, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ২০৭৫, সহীহ ইবনু হিব্বান ১৫১৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যা : রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমন সময় ‘আসরের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন যখন সূর্যের রং স্বাভাবিক অবস্থা থেকে লালিমায় পরিবর্তিত হতো না। ‘আসরের সালাতের পরে কেউ মদীনাহ্ থেকে সর্বোচ্চ আট মাইল এবং সর্বনিম্ন দুই বা তিন মাইল দূরে উঁচু স্থানে অবহিত কিছু গ্রামের দিকে গিয়ে গ্রামবাসীর সাথে সালাত আদায় করতো, সূর্য উঁচুতে থাকতেই। এর দ্বারা প্রমাণিত হয় যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ‘আসরের সালাত তাড়াতাড়ি আদায় করতেন। এ হাদীসের শেষ অংশটি আনাস (রাঃ)-এর কথা বলে প্রতীয়মান হলেও মূলত এ বাক্যাংশটি যুহরীর কথা। প্রমাণ হয় যে, ‘আসরের সালাতের পরে

দু’ কিংবা তিন মাইল পথ হেঁটে অতিক্রম করা তখনই সম্ভব যখন কোন বস্তুর ছায়া তার সমপরিমাণ হলেই ‘আসরের সালাত আদায় করা হবে। ইমাম নাবাবী বলেন, শুধু দীর্ঘ দিনগুলোতেই এমনটা সম্ভব। আর এ হাদীসই জমহূর ‘আলিমের মতের পক্ষে দলীল; যারা বলেন, কোন বস্তুর ছায়া তার সমপরিমাণ হলে ‘আসরের প্রথম ওয়াক্ত হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55149

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন